

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামরাই, ঢাকা
dhamrai.dhaka.gov.bd

তারিখ: ২১ মার্চ ২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় ধামরাই উপজেলার ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের কার্যক্রম চলমান রয়েছে। ইতোপূর্বে ধামরাই উপজেলায় ২২০ টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে এবং উপজেলা টাঙ্কফোর্স কমিটি কর্তৃক আরও ৩৮০ টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসনের জন্য তালিকা চূড়ান্ত করা হয়েছে। এর অংশ হিসেবে ধামরাই উপজেলাধীন দেপাশাই আশ্রয়ণ প্রকল্পে ২৫ টি, দেপাশাই উত্তরপাড়া আশ্রয়ণ প্রকল্পে ৭৮ টি, ছোট কালামপুর আশ্রয়ণ প্রকল্পে ২৫টি, বাতা আশ্রয়ণ প্রকল্পে ৪১ টি ও সূয়াপুর আশ্রয়ণ প্রকল্পে ৩১ টি ঘরসহ সর্বমোট ২০০ টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। আগামীকাল ২২/০৩/২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় উপজেলা পরিষদ অডিটোরিয়ামে জনপ্রতিনিধিদের উপস্থিতিতে ধামরাই উপজেলায় নির্মিত ২০০টি ঘরের দলিল সংশ্লিষ্ট উপকারভোগীদের মধ্যে হস্তান্তর করা হবে। ধামরাই উপজেলা প্রান্তে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে জমিসহ গৃহের দলিল হস্তান্তর করবেন স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব বেনজীর আহমদ এমপি।


21.3.23

হোসাইন মোহাম্মদ হাই জকী
উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা

০১৯৩৩৪৪৪০৩৩

unodhamrai@mopa.gov.bd